দৈনিক বাংলা

তারিখ 04 OCT 1987

পৃষ্ঠা 1 কলাম 8



# ভার্সিটিতে জুলাই হত্যাকান্ডঃ ১৩ জনের বিরুদ্ধে চার্জশীট

(স্টাফ রিপোর্টার)

গত ১৪ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হলে ইতিহাস বিভাগের ছাত্র আবদুল হালিমের হত্যাকান্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ গতকাল

(শেষ পৃঃ ৮ এর কঃ দ্রঃ)

## চার্জশীট

(১-এর পৃঃ পর)

চারজনের বিরুদ্ধে চার্জশীট দিয়েছে।

হালিম হত্যার জের হিসাবে পরদিন সংঘটিত সংঘর্ষে বিশ্ববিদ্যালয় ছাত্র আসাদ আহমদ মুন্না ও রিকশাচালক রহিমের মৃত্যুর ঘটনা তদন্ত করেও পুলিশ চার্জশীট দাখিল করেছে। এই দুজনের মৃত্যুর ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে চার্জশীটে ৯ জনকে দায়ী করা হয়েছে।

গোয়েন্দা পুলিশ সূত্রে বলা হয় হালিম হত্যার দায়ে চার্জশীটে অভিযুক্তদের মধ্যে আছেন মোহাম্মদ বজলুর রহমান খান, খবিরুল বাশার, আবুল বাশার ও গোলাম মর্তুজা।

মুন্না ও রহিম হত্যার দায়ে চার্জশীটে অভিযুক্তরা হলেন সানাউল হক, বজলুর রহমান, গোলাম ফারুক, মালেক মহসীন, মাহবুবুর রহমান, কামরুজ্জামান, শফিকুল ইসলাম, ইলিয়াস আলী ও আলী।

গোয়েন্দা পুলিশ সূত্র জানায় চার্জশীটে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ফৌজদারী দন্ডবিধির ৩০২, ১৪৭, ১৪৮ ও ১৪৯ ধারাসহ বিস্ফোরক আইনে অভিযোগ আনা হয়েছে।